# পাঠ — 19

## নরেন

নিজে পড়ো ও শেখো —



আমার দেশের এক নামী ছেলের কথা বলব । তার নাম ছিল নরেন ।

ছেলেবেলা থেকেই সে চাইত দুঃখীর দুঃখ দূর করতে । একবার সে শীত — কাতর ভিখারিকে দামী শাল দিয়ে দিয়েছিল । সে ছোট জাত বড় জাত মানত না । সে দেশি বিদেশির কোন ভেদ মানত না ।

সে বিদেশে গিয়ে জয়মালা জিতে এনেছিল । ভারতের মান বাড়িয়েছিল ।

মানুষই ছিল তার কাছে ভগবান । মানুষের সেবা করাকেই সে পূজা মনে করত ।

তার তৈরি মিশন আজ সারা দুনিয়ায় ছড়িয়ে রয়েছে । তারই নাম হয়েছিল বিবেকানন্দ ।

---

**পাঠ সংকেত ঃ—** আগে, বিবেকানন্দের ছেলেবেলায় ভিখারিকে শাল দেওয়া, নানাজাতের হুঁকো খেয়ে জাত যায় কিনা দেখা, চিকাগো ধর্ম সম্মেলনের গল্প বলুন । রামকৃষ্ণ মিশনের সেবা কর্মের কথাও বলুন ।

1. পড়ো ও লেখো —

| |
|---|
| ভিখারিকে শাল দিয়ে দিল। |
| |
| দুঃখির দুঃখ দূর করত। |
| |
| জাতের ছোট বড় মানত না। |
| |

2. হ্যাঁ অথবা না লিখে খালি জায়গাগুলি ভরো —

| |
|---|
| • নরেনেরই নাম হয়েছিল বিবেকানন্দ ——— |
| • নরেন ভিখারির শাল নিয়ে নিয়েছিল ——— |
| • নরেনের কাছে মানুষই ছিল ভগবান ——— |
| • নরেন দেশি বিদেশির ভেদ করত ——— |
| |

3. পুরো বাক্যে উত্তর বলো —

| |
|---|
| • বিবেকানন্দের আগের নাম কী ছিল ? |
| |
| • নরেন ভিখারিকে কী দিয়েছিল ? |
| |
| • নরেন বিদেশে গিয়ে কার মান বাড়িয়েছিল ? |
| |

4. কিছু শব্দ শুনে লেখো —

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

পিকু — শুনেছি, ওটা খুব বড় পশু মেলা ।

মিনু — পাটনায় আর কী কী দেখলি রবি ?

রবি — সিনেমা দেখলাম । নাটক দেখলাম । একদিন বাঙলা নাটক দেখলাম । সবাই রবি ঠাকুরের 'শারদোৎসব' করল । ছোটরা করল নাচ গান, বড়রা নাটক ।

মিতুর মা রবিকে কিছু ফল ও পায়েস খেতে দিলেন ।

মিনু — পাটনা থেকে কী আনলি ?

রবি — তিলকুট এনেছি আর খাজা ।

